বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
কুলাউড়া, মৌলভীবাজার
www.ecs.gov.bd

নং- ১৭.০৭.৫৮৬৫.০০০.৩২.০০২.২৪-১৬১ তারিখঃ ০৯ আগস্ট ২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয়ের ৯ জুলাই ২০২৬ তারিখের ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২.-১৬৯ নং পত্রের নির্দেশনার আলোকে ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৭(২) এবং ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ১৪(১) অনুসারে আমি মুহম্মদ মোশারফ হোসেন খান, উপজেলা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার এতদ্বারা মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলার আওতাধীন বরমচাল, ভূকশিমইল, ভাটেরা, জয়চন্ডী, ব্রাহ্মণবাজার, কাদিপুর, কুলাউড়া, রাউৎগাঁও, টিলাগাঁও, হাজিপুর, শরীফপুর, পৃথিমপাশা, কর্মধা ইউনিয়ন এবং কুলাউড়া পৌরসভার ০১ হইতে ০৯ নম্বর ওয়ার্ডের সকল ভোটার এলাকাসমূহের ভোটার তালিকা ডাটাবেইজে ৩১/০৭/২০০৮ তারিখ বা তার পূর্বে যাদের জন্ম এমন ব্যক্তিদের মধ্যে ৩১/০৭/২০২৬ তারিখ পর্যন্ত যারা ডাটাবেইজে নিবন্ধিত হয়েছেন তাদেরকে চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে খসড়া ভোটার তালিকা প্রকাশ করিতেছি।

২। উক্ত খসড়া ভোটার তালিকায় দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিল এবং দাখিলকৃত আবেদনসমূহ নিষ্পত্তিকরতঃ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ সংক্রান্তে বিস্তারিত সময়সূচী নিম্নরূপঃ-

| ক্রম | বিবরণ | | নির্ধারিত সময়সূচী |
|---|---|---|---|
| (১) | হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা মুদ্রণপূর্বক প্রকাশ | ঃ | ০৯ আগস্ট ২০২৬ |
| (২) | দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিল এর শেষ তারিখ | ঃ | ২৪ আগস্ট ২০২৬ |
| (৩) | সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনসমূহ নিষ্পত্তির শেষ তারিখ | ঃ | ২৭ আগস্ট ২০২৬ |
| (৪) | দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশ | ঃ | ২৮ আগস্ট ২০২৬ |
| (৫) | হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | ঃ | ৩১ আগস্ট ২০২৬ |

৩। প্রকাশিত খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনের জন্য নির্ধারিত ফরমের মাধ্যমে যথাযথ কাজগপত্রাদিসহ ০৯ আগস্ট ২০২৬ তারিখ হতে ২৪ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ব্যক্তিগতভাবে দাখিল করিতে হইবে।

টিকা: অফিস সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অথবা সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন পরিষদ কার্যালয়ে খসড়া ভোটার তালিকা দেখা যাইবে।

০৯/০৮/২৬

(মুহম্মদ মোশারফ হোসেন খান)
উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসার
কুলাউড়া, মৌলভীবাজার
মোবাঃ ০২৯৯৬৬৮৪৫৯৩
ueokulaura.ec@gmail.com

নং- ১৭.০৭.৫৮৬৫.০০০.৩২.০০২.২৪-১৬১ তারিখঃ ০৯ আগস্ট ২০২৬ খ্রি.

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ**

১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট
৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার
৪। জেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার
৫। উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার
৬। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার (সকল সম্মানীত শিক্ষকবৃন্দকে অবহিত করে প্রচারের অনুরোধ সহ)
৭। প্রশাসক/চেয়ারম্যান ........................পৌরসভা/ইউনিয়ন পরিষদ, কুলাউড়া, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
৮। সভাপ্রতি/সম্পাদক, প্রেসক্লাব, কুলাউড়া, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
৯। সভাপতি/সাধারণ সম্পাদক, ইমাম সমিতি/পূজা উৎযাপন পরিষদ, কুলাউড়া, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
১০। নোটিশ বোর্ড
১১। অফিস নথি

০৯/০৮/২৬

উপজেলা নির্বাচন অফিসার
কুলাউড়া, মৌলভীবাজার
ও
রেজিস্ট্রেশন অফিসার

CamScanner